



জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ওয়েব সাইট: www.brur.ac.bd

Public Relations, Information & Publication
Division
Begum Rokeya University, Rangpur
Email: office.publicrelations@brur.ac.bd



স্মারক: বেরোবি/জতপ্রবি/২০২৪/এপ্রিল/১২০১

তারিখ: ২৯/০৪/২০২৪

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নতুন ওয়েবসাইটের উদ্বোধন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অগ্রগতির সঙ্গে মিল রেখে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে আরো আধুনিক, গতিশীল ও সহজে ব্যবহার উপযোগী নতুন ওয়েবসাইট চালু করা হয়েছে। আজ সোমবার (২৯ এপ্রিল, ২০২৪) দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভা কক্ষে নতুন ওয়েবসাইটের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মোঃ হাসিবুর রশীদ।

সময়োপযোগী বেশ কিছু নতুন ফিচারের মাধ্যমে সাজানো হয়েছে এই ওয়েবসাইটের কনটেন্ট। নতুন ওয়েবসাইটে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগ তাদের নিজস্ব ওয়েবপেজের মাধ্যমে বিস্তারিত তথ্য দিতে পারবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানের ভিডিও, ছবি, ডকুমেন্টারি ও প্রকাশনা শেয়ারের ব্যবস্থাও রাখা হয়েছে। ফলে সহজে প্রয়োজনীয় তথ্য খুঁজে পাওয়া যাবে। তবে ওয়েবসাইটের ঠিকানা (www.brur.ac.bd) আগের মতোই থাকছে।

উদ্বোধনকালে বেরোবি উপাচার্য প্রফেসর ড. মোঃ হাসিবুর রশীদ বলেন, নতুন ওয়েবসাইটটি শিক্ষার্থীদের কর্মকাণ্ডকে প্রাধান্য দিয়ে সাজানো হয়েছে। এখন থেকে বিশ্ববিদ্যালয়ের আপডেট তথ্য এই ওয়েবসাইটে পাওয়া যাবে। তিনি আরো বলেন, বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক কার্যক্রম আরও সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা ও উপস্থাপনার ক্ষেত্রে নতুন ওয়েবসাইটটি ইতিবাচক ভূমিকা রাখবে। দেশ ও দেশের বাইরে থেকে এই বিশ্ববিদ্যালয়ের সকল তথ্যাদি খুব সহজেই পাওয়া যাবে। নতুন এই ওয়েবসাইট তৈরির কাজে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানান বেরোবি উপাচার্য।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ মতিউর রহমান, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক প্রফেসর ড. আর এম হাফিজুর রহমান, বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ গাজী মাজহারুল আনোয়ার, রেজিস্ট্রার প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী, সেন্টার ফর ডিজিটাল ট্রান্সফরমেশনের পরিচালক প্রফেসর ড. মোঃ মিজানুর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, ছাত্রউপদেষ্টা, বহিরাঙ্গন কার্যক্রম দপ্তরের পরিচালক, হল প্রভোস্ট, বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

মোহাম্মদ আলী

উপ-পরিচালক (জনসংযোগ)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর